

ভারতের কৃষি অঞ্চল

Agricultural Region of India

কৃষি অঞ্চল হল এমন একটি অঞ্চল যা কৃষি ভূমি ব্যবহার এবং শস্যের ধরনের সমরূপতা বর্ণনা দেয়। বহু বার্তা ভারতকে কৃষি অঞ্চলে ভাগ করার চেষ্টা করেছেন। এর মধ্যে ই. সিমিকিন (1926), ডি. থর্ননার (1956), এল. ডি স্ট্যাম্প (1958), এম. এইচ রান্থাওয়া (1958), চেন. হ্যান. সেং (1957), ও. এই. কে. স্পেট (1960), আর.এল.সিং (1971), উল্লেখযোগ্য। এর মধ্যে সংখ্যাগরিষ্ঠের মতো তিনসারি কৃষি অঞ্চলের কথা বলেন যথা : a) বৃহৎ অঞ্চল (কৃষি বলয়), b) মধ্যম অঞ্চল (কৃষি অঞ্চল), c) ক্ষুদ্র অঞ্চল (শস্য সমাবেশ অঞ্চল) এর মধ্যে আর. এল.সিং (1971), এর কৃষি অঞ্চল নিম্নে বর্ণিত হল—

আর. এল সিং এর মতানুসারে দেশের কৃষি অঞ্চলগুলি বিভিন্ন শস্যের সমন্বয়ের উপর নির্ভরশীল। এই সমস্ত শস্যগুলি হল চাল, গম, মিলেট, মেইজ, দানাশস্য, তুলা, বাদাম, নারকেল প্রভৃতি। এইভাবে আমরা 8টি অঞ্চলকে প্রথম ক্রমের খাদ্যশস্যের স্থান দিতে পারি। প্রথম 2 শস্যের আনুক্রমিতার ওপর নির্ভর করে দ্বিতীয় ক্রমের অন্তর্গত এবং প্রথম ও শস্যের আনুক্রমিতার ওপর নির্ভর করে 48টি অঞ্চলকে তৃতীয় ক্রমে ফেলা হয়।

1. ধান বলয় / অঞ্চল (Rice Region) :

এটি সাধারণত উত্তর-পূর্ব ভারতের কিছু অংশে, পূর্ব উত্তরপ্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা, ছত্তিশগড়, অন্ধ্রপ্রদেশের উপকূল, তামিলনাড়ুর উপকূল এবং পশ্চিম উপকূলীয় মালভূমি প্রভৃতি অঞ্চল, ইহা বিভিন্ন ভৌগোলিক অবস্থার মধ্যে 2 টি তৃতীয় ক্রমের কৃষি অঞ্চলের অন্তর্গত।

1.1 ধান, গম, আখ, 1.2 ধান, গম, মেইজ, 1.3 ধান, ছোলা, পাট, 1.4 ধান, তৈলবীজ, 1.5 ধান, গম, দানাশস্য, 1.6 ধান, গম, তৈলবীজ, 1.7 ধান, মেইজ, মিলেট, তৈলবীজ 1.8 ধান, তৈলবীজ, মিলেট, 1.9 ধান, মিলেট, মেইজ, 1.10 ধান, মিলেট, তৈলবীজ, 1.11 ধান, মিলেট, দানাশস্য, 1.12 ধান, তৈলবীজ, পাট, মেইজ, 1.13 ধান, পাট, তৈলবীজ, 1.14 ধান, তুলা, মেইজ, 1.15 ধান, চা, তৈলবীজ।

2. গম অঞ্চল / বলয় (Wheat Region) :

এই বলয় উত্তর-পশ্চিম ভারত পর্যন্ত বিস্তৃত। এর মধ্যে রয়েছে জম্মু ও কাশ্মীরের কিছু অংশ। হিমাচলপ্রদেশ, পূর্ব হরিয়ানা, পশ্চিম উত্তরপ্রদেশ এবং পশ্চিম মধ্যপ্রদেশ। এটি সাধারণত 7 তৃতীয় ক্রমের কৃষি অঞ্চল।

2.1 গম, মেইজ, চাল, 2.2 গম, আখ, চাল, 2.3 গম, ধান, ছোলা, 2.4 গম, মিলেট, ছোলা, 2.5 গম, ধান, মেইজ, 2.6 গম, ছোলা, মিলেট, 2.7 গম, মিলেট, ছোলা।

3. ছোলা বলয় / অঞ্চল (Gram Region) :

এই শস্য সমাবেশ অঞ্চল উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশের সীমানায়, পাঞ্জাব এবং উত্তর রাজস্থানে লক্ষ্য করা যায়। এটাও তৃতীয় ক্রমের অঞ্চল

3.1 ছোলা, গম, মেইজ, 3.2 ছোলা, মিলেট, গম, 3.3 ছোলা, গম, মেইজ।

4. মিলেট বলয় / অঞ্চল (Millets Region) :

ধান বলয়ের পর এটা হল দ্বিতীয় বৃহৎ শস্য সমাবেশ (Crop Combination) অঞ্চল। এই বলয় রাজস্থানের কিছু অংশ, দেশের শুষ্ক ও অর্ধ শুষ্ক অঞ্চল প্রভাবিত উপদ্বীপের পশ্চিম ও দক্ষিণাংশ। এটি শস্য সমাবেশের 12 তৃতীয় ক্রমের অন্তর্গত।

4.1 মিলেট, তৈলবীজ, 4.2 মিলেট, গম, তৈলবীজ, 4.3 মিলেট, তুলো, গম, 4.4 মিলেট, তুলো, চীনাবাদাম, 4.5 মিলেট, তুলো, চীনাবাদাম, 4.6 মিলেট, গম, তৈলবীজ, 4.7 মিলেট, তুলো, তৈলবীজ, 4.8

মিলেট, ধান, তৈলবীজ, ছোলা, 4.9 মিলেট, চীনাবাদাম, তৈলবীজ, 4.10 মিলেট, চীনাবাদাম, তুলো, 4.11 মিলেট, চীনাবাদাম, ধান, 4.12 মিলেট, ধান, তামাক, তৈলবীজ।

5. তুলো বলয় / অঞ্চল (Cotton Region) :

এই অঞ্চল মহারাষ্ট্রের পূর্বাংশ (নাগপুর, ভাভারা, ওয়ার্ধা, চন্দ্রপুর, গাডচিয়োলি জেলা) এবং দক্ষিণ গুজরাট (কেদা, পঞ্চমহল, ভাদোদরা, ভারুচ, সুরাট এবং ভলসাদ জেলা)। এটি সাধারণত 2/3 ক্রম অঞ্চলের অন্তর্গত।

5.1 তুলো, মিলেট, ধান

5.2 তুলো, মিলেট, গম

6. চীনাবাদাম বলয় / অঞ্চল (Groundnut Region) :

গুজরাটের কচ্ছ ও কাথিয়াবাড় অঞ্চল হল একটি আদর্শ তৃতীয় ক্রমের শস্য সমন্বয়।

7. মেইজ বলয় / অঞ্চল (Maize Region) :

মেইজ হল প্রথম অনুক্রমিক শস্য বা পূর্ব রাজস্থানের অর্ধ শুল্ক অঞ্চলে দেখা যায় এবং গম ও ছোলার সাথে এটি তৃতীয় ক্রমের সমাবেশ স্থাপন করেছে।

8. নারকেল অঞ্চল / বলয় (Coconut Region) :

এই অঞ্চল কেরালার দক্ষিণ এবং মধ্য ভাগ দখল করে আছে। এটাই একমাত্র তৃতীয় ক্রমের অঞ্চল যা নারকেল, ধান ও গরম মশলা নিয়ে গঠিত।

9. স্থানান্তর কৃষি (Shifting Cultivation) :

স্থানান্তর কৃষি প্রধানত উত্তর পূর্ব ভারত (অরুণাচল প্রদেশ, নাগাল্যান্ড, মিজোরাম, মণিপুর এবং ত্রিপুরা), মধ্য ভারত (ওড়িশা ও মধ্যপ্রদেশ) এবং ভারতের পশ্চিমঘাট পর্বতের উপজাতিদের মধ্যে লক্ষ্য করা যায়।

